

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

গৃহায়ন ভবন

৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

www.nha.gov.bd

স্মারক নং-২৫.৩৮.০০০০.০০০.১৮.০০১.১৯- ৩৪৫২

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ।
৭ মে, ২০১৯ খ্রিঃ।

অফিস আদেশ

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সেবা সহজীকরণের আওতায় এ কার্যালয়ের বিগত ১৪/০৩/২০১৯ তারিখের ২১২০ নং স্মারকের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সকল প্রকার জমি/প্লট/ফ্ল্যাট/বাড়ি এর হস্তান্তর (হেবা/দানসহ) এর অনুমতি সংক্রান্ত আবেদনগুলো জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয় কর্তৃক সম্পন্ন করা হয়। হস্তান্তর আবেদন নিষ্পত্তির সময় 'ফি' আদায় সাপেক্ষে একই সাথে নামজারির অনুমতিও প্রদান করা হয়। নামজারির জন্য আলাদা কোন আবেদন করার প্রয়োজন নেই।

০২। কোন সেবা গ্রহীতা ইতোপূর্বে হস্তান্তর অনুমতি প্রাপ্ত হয়ে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে নামজারির অনুমতির আবেদন করে থাকলে তাদের আবেদনগুলো সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তর কর্তৃক সম্পন্ন করা হবে। এছাড়া পূর্বের হস্তান্তর অনুমতিপত্রের ক্ষেত্রে নামজারির অনুমতি সংক্রান্ত কার্যক্রম সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর কার্যালয় কর্তৃক সম্পন্ন করা হবে।

০৩। ওয়ারিশসূত্রে নামজারির বিষয়টি সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর কার্যালয় কর্তৃক নিষ্পত্তি করা হবে।

০৪। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে মর্মে নির্দেশক্রমে জারী করা হলো।



(ড. মোঃ মইনুল হক আনছারী)

সদস্য (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

সেগুনবাগিচা, ঢাকা।

ফোনঃ ৯৫৬২৬১৮

E-mail: member_land@nha.gov.bd

স্মারক নং-২৫.৩৮.০০০০.০০০.১৮.০০১.১৯-

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
৭ মে, ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

- ১। সদস্য (প্রশাসন ও অর্থ)/ ভূমি/পরিকল্পনা নকশা ও বিশেষ প্রকল্প/প্রকৌশল ও সমন্বয়, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম সার্কেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
- ৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১/২, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২/ সিলেট/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ দিনাজপুর, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
- ৬। প্রশাসনিক কর্মকর্তা(এস্টেট)মিরপুর/মোহাম্মদপুর/সিলেট/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/খুলনা/দিনাজপুর/যশোর/ ফরিদপুর/বরিশাল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
- ৭। ম্যানেজার, ডুইপ/কুয়ার্ড প্রকল্প, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
- ৮। প্রোগ্রামার, কম্পিউটার সেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা (কর্তৃপক্ষের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯। পি.এস টু চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ তাজিম-উর-রহমান)

উপ-পরিচালক

ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা

ফোন: ৯৫৬৪১৬৫

E-mail: dd2_land@nha.gov.bd